

৯

পাবনায় ছাত্র ভর্তির লোভনীয় প্রস্তাব নিয়ে কলেজ শিক্ষকদের বাড়ি বাড়ি ধর্না

॥ পাবনা সংবাদপত্র ॥

জেলার অধিকাংশ বেসরকারি কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ছাত্র ভর্তি করতে শিক্ষকবৃন্দ এখন মাঠে। ভর্তিচ্ছদের উৎসাহ করতে তারা প্রতিদিন কলেজে পাঠদানের পাশাপাশি রিকর্ডভ্যান, নসিমন ও মোটর সাইকেলে চড়ে অভিভাবকদের বাড়ি বাড়ি ধর্না দিচ্ছেন। অভিভাবকদের বোঝাচ্ছেন, ভর্তি করলে সারা বছর বিনা ধরচে

লেখাপড়ার সুযোগ, যাতায়াতের জন্য বাইসাইকেল, জায়গীর কিংবা পোশাকসহ দু-চারটি পাঠ্য বইয়ের ব্যবস্থা করা হবে। কয়েকটি উপজেলা ঘুরে এরকম চিত্র দেখা গেছে।

জেলার ১৯৬৪ সালে বোর্ড অনুমোদিত প্রথম বেসরকারি কলেজ সুজানগর উপজেলার সাতবাড়িয়া ইউনিয়নে স্থাপিত হয়। তখন গোটা জেলায় শুধু এডওয়ার্ড কলেজ ছিল সরকারি। এখন সুজানগর উপজেলায় বেসরকারি কলেজের সংখ্যা ৯টি। পাবনার ৯ উপজেলায় কলেজ ৫০টির মতো। এছাড়া উচ্চ মাধ্যমিক সমমানের আলিম মাদ্রাসা রয়েছে অন্তত ২৫টি। একটি সূত্র মতে, এসব প্রতিষ্ঠানের অর্ধেকের বেশি গত ১০ থেকে ১২ বছরের মধ্যে প্রতিষ্ঠিত।